

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ ফেব্রুয়ারি ২০২২

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

**নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয় ও নির্দেশনা সত্ত্বেও**

**প্রতিষ্ঠানের সাইনবোর্ড বাংলায় না লিখায়**

**খুলশীস্থ বাস্কেট সুপারশপকে আড়াই লক্ষ টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে মাংস প্রসেস করা, কর্মচারীদের স্বাস্থ্যসনদ না করা, কোভিড-১৯ ভাইরাসের টিকা সনদ প্রদর্শনে ব্যর্থ, স্থানীয় ভাবে প্রস্তুতকৃত নিম্নমানের খাদ্যপণ্য বিক্রয় ও নির্দেশনা সত্ত্বেও প্রতিষ্ঠানের সাইনবোর্ড বাংলায় না লিখায় খুলশীস্থ বাস্কেট সুপারশপকে ২লক্ষ ৫০হাজার টাকা জরিমানা করা হয়। একই দিন অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে নন্দনকাননস্থ ব্যবসা প্রতিষ্ঠান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩